# অনলাইনে আবেদনের শর্ত ও নিয়মাবলী

**ক) পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থীকে** http://barcouncil.teletalk.com.bd **ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করিতে হইবে। আবেদনের সময়সীমা নিম্নরুপ:**

i) Online আবেদন পত্র জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ২৪/১১/২০২২, সকাল ১০.০০ টা।

ii) Online আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২০/১২/২০২২, বিকাল ৫.০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করিবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হইতে হইবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হইবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হইবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করিবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :

Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করিয়া নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করিয়া আবেদনপত্র Submit করা সম্পন্ন হইলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাইবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি USER ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s Copy পাইবেন। উক্ত Applicant`s Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করিয়া সংরক্ষণ করিবেন। Applicant`s কপিতে একটি USER ID নম্বর দেওয়া থাকিবে এবং USER ID নম্বর ব্যবহার করিয়া প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করিয়া পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১ থেকে ৩ এর পদের জন্য ১০০০/- টাকা ও টেলিটকের এর সার্ভিস চার্জ বাবদ ১২০.০০ টাকা মোট ১১২০/- টাকা এবং ক্রমিক নং ৪ হতে ৬ পর্যন্ত পদের জন্য ৫০০/- টাকা ও টেলিটকের এর সার্ভিস চার্জ বাবদ ৬০.০০ টাকা মোট ৫৬০/- টাকা (অফেরৎযোগ্য) পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করিয়া Submit করা হইলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হইবে না।

প্রথম SMS : **BARCOUNCIL** <space>**USER ID** লিখিয়া Send করিতে হইবে ১৬২২২ নম্বরে।
Example: **BARCOUNCIL ABCDEF**

Reply: Aplicant`s Name, TK 1120/- or 560/- will be charged application fee. Your PIN is 12345678. To Pay fee Type **BARCOUNCIL** <space> YES<space>PIN and Send to 16222

দ্বিতীয় SMS: **BARCOUNCIL** <space> **YES** <space> **PIN** লিখিয়া Send করিতে হইবে ১৬২২২ নম্বরে।
Example: **BARCOUNCIL YES 12345678**

Reply: Congratulation Aplicant`s Name, payment completed succesfully for **BARCOUNCIL** Application for the post of XXXXXXXXXX User ID is (ABCDEF) and

Password (XXXXXXX).

(চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://barcouncil.teletalk.com.bd অথবা বার কাউন্সিলের ওয়েব সাইট www.barcouncil.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হইবে। Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হইবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) USER ID এবং Password ব্যবহার করিয়া পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করিয়া নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করিবেন।

(জ) শুধু টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করিয়া নিজ নিজ USER ID এবং Password পুনরুদ্ধার করিতে পারিবেন।

i) USER ID জানা থাকলে:

**BARCOUNCIL** <space> **Help** <space> **USER** <space> **USER ID** & Send to ১৬২২২ নম্বরে

Example: **BARCOUNCIL Help USER ABCDEF**

ii) PIN Number জানা থাকলে:

**BARCOUNCIL** <space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to ১৬২২২ নম্বরে।

Example: **BARCOUNCIL Help PIN 12345678**

(ঝ) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হইবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হইলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়িলে বা কোনো প্রতারণা বা দুর্ণীতির আশ্রয় গ্রহণ করিলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল এবং প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ বার কাউন্সিলের ওয়েব সাইট www.barcouncil.gov.bd এবং http://barcouncil.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করিয়াও বিজ্ঞপ্তিটি পাওয়া যাইবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.barcouncil.gov.bd ওয়েবসাইট হইতে জানা যাইবে।

(ট) চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করিয়া আবেদন করিতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হইলে মৌখিক পরীক্ষায় দলিলাদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করিতে হইবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র দাখিল/প্রদর্শণ করিতে হইবে। ত্রুটিপূর্ণ /অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারন দর্শানো ব্যতিরেকে বাতিল বলিয়া গণ্য হইবে।

(ঠ) Online এ আবেদন করিতে কোন সমস্যা হইলে যে কোন টেলিটক মোবাইল হইতে ১২১ এ কল করুন। ইহা ছাড়াও vas.query@teletalk.com.bd অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাইবে। ইহা ছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ

https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাইবে। (Mail এর Subject-এ Organization Name: **BARCOUNCIL** Post Name ****, Applicants User ID, Contact Number অবশ্যই উল্লেখ করিতে হইবে)।

(ড) আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূলকপি প্রদর্শন এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে।

১) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক ও প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত কপি।

২) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।

৩) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।

৪) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র কন্যার পুত্র-কন্যাগণের পিতামহ/মাতামহ এর মুক্তিযোদ্ধা সনদপত্র (সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদসহ)।

৫) আবেদনকারীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনের সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

৬) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও প্রবেশপত্রের কপি।

(ঢ)কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণ বশত: নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

(ণ)প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা দেয়া হবে না।

(ত)ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

(থ)এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন কোন বিষয়ে সরকারি প্রচলিত আইন, সার্কুলার ও বিধি-বিধান অনুসরণ করা হবে।

(দ)নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ আফজাল উর রহমান)
ভারপ্রাপ্ত সচিব
বাংলাদেশ বার কাউন্সিল